

মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।
প্রতিবেদনাধীন বছর: ২০১৭-১৮

আওতাধীন অধিদপ্তর/সংস্থা সংখ্যা: ৮ টি
প্রতিবেদন প্রস্তুতির তারিখ: ২২ জুলাই ২০১৮

(১) প্রশাসনিক

১.১ কর্মকর্তা/ কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে):

| মন্ত্রণালয়/সংস্থা | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|--|---------------|---------------|---------------|--|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | ১৭৩ | ১৪৪ | ২৯ | - | |
| বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (বাপশক) | ২১৯৯ | ১৯০৯ | ২৯০ | ৭৬৬ | এ অর্থ-বছরে ৭৬টি পদ রাজস্ব খাতে সৃজন করা হয়েছে। |
| বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) | ১৬৩০ | ১০৩৪ | ৫৯৬ | ১৬২ | |
| জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (এনএমএসটি) | ৯৪ | ৭০ | ২৪ | - | |
| বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যাপডক) | ৫৫ | ৪২ | ১৩ | ২১ | - |
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার | ৬৩ | ৪৭ | ১৬ | - | - |
| ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি) | ১০৯ | ৯১ | ১৮ | ৩৬ | - |
| বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | ১০৮ | ৩৩ | ৭৫ | ১০৮ | অনুমোদিত ৩৬০টি পদের মধ্যে ১০৮টি পদ সৃজন করা হয়েছে। |
| বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বরি) | ১৩৭ | ৬৯ | ৬৮ | - | ২২৩টি পদের মধ্যে ২য় পর্যায়ের ৮৬টি পদ এখন পূরণযোগ্য নয়। |
| মোট = | ৪৫৬৮টি | ৩৪৩৯টি | ১১২৯টি | ১০৯৩টি | - |

* অনুমোদিত পদের হ্রাস/বৃদ্ধির কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

১.২ শূন্য পদের বিন্যাস:

| মন্ত্রণালয়/ সংস্থা | অতিরিক্ত সচিব/ তদুর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|--|----------------------------|--------------------|------------------------|----------------|----------------|-----------------|---------------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | - | - | ১৩ | ৪ | ৮ | ৪ | ২৯ |
| বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | - | - | ৪ | ৬৫ | ৭৩ | ১৪৮ | ২৯০ |
| বিসিএসআইআর | - | - | ১৮৩ | ১৬৯ | ১৮৭ | ৫৭ | ৫৯৬ |
| জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর | - | - | ৬ | ২ | ১২ | ৪ | ২৪ |
| ব্যাপডক | - | - | ২ | ৩ | ৬ | ২ | ১৩ |
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার | - | - | ৫ | ৬ | ৫ | - | ১৬ |
| ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি | - | - | ১৫ | - | ৩ | - | ১৮ |
| বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | - | - | ৫১ | ২ | ১৭ | ৫ | ৭৫ |
| বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বরি) | - | - | ১০ | ১৩ | ৩৯ | ৬ | ৬৮ |
| মোট= | - | - | ২৮৯টি | ২৬৪টি | ৩৫০টি | ২২৬টি | ১১২৯টি |

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ (অতিরিক্ত সচিব/সমপদমর্যাদা সম্পন্ন/সংস্থা প্রধান/তদুর্ধ্ব) শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

১.৪ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা:

বিসিএসআইআর: ১ম শ্রেণীর ১৮৩টি শূন্য পদের মধ্যে ১০টি পদের, ২য় শ্রেণীর ১৬৯টি শূন্য পদের মধ্যে ৮টি পদের, ৩য় শ্রেণীর ১৮৭টি শূন্য পদের মধ্যে ৩৪টি পদের এবং ৪র্থ শ্রেণীর ৫৭টি শূন্য পদের মধ্যে ২১টি পদের নিয়োগবিধি নেই।

এনএমএসটি: মহামান্য হাইকোর্টে ৭টি রিট মামলা থাকার কারণে ১৪টি পদে জনবল নিয়োগ দেয়া যাচ্ছে না।

১.৫ অন্যান্য পদের তথ্য:

| মন্ত্রণালয়/সংস্থা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা |
|--|--|---|
| ১ | ২ | ৩ |
| বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | - | - |
| বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | - | - |
| বিসিএসআইআর | - | - |
| জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর | - | - |
| ব্যান্ডক | - | - |
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার | - | - |
| ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি | - | - |
| বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | - | - |
| বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বরি) | - | - |

১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদান:

| | প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|--|-----------------------------|---------------|---------------|--------------------|---------------|---------------|---------|
| | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | ২ | ২ | ৪ | ৩ | ৩৩ | ৩৬ | |
| বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | ১২৭ | ২৫৯ | ৩৮৬ | ৭২ | ৮১ | ১৫৩ | - |
| বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ | ৬৩ | ৬০ | ১২৩ | ৭ | ২১৭ | ২২৪ | - |
| জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর | - | ১ | ১ | - | ৭ | ৭ | - |
| ব্যান্ডক | ৩ | ৪ | ৭ | ৫ | ১২ | ১৭ | - |
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার | - | - | ০ | - | - | ০ | - |
| ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি | - | - | ০ | ৩ | ৩ | ৬ | - |
| বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | - | - | ০ | ১ | ৫ | ৬ | - |
| বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বরি) | - | - | ০ | ২০ | ৪৯ | ৬৯ | |
| মোট= | ১৯৫ জন | ৩২৬ জন | ৫২১ জন | ১১১ জন | ৪০৭ জন | ৫১৮ জন | - |

১.৭ ভ্রমণ/পরিদর্শন (দেশে)

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/স্পেশাল এ্যাসিস্টেন্ট | সচিব | মন্ত্রব্য |
|--------------------------------------|------------------|---|--------|-----------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | ১১দিন | - | ১২ দিন | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | ৩ দিন | - |
| মোট= | ১১দিন | - | ১৫ দিন | - |

* কতদিন বিদেশে ভ্রমণ করেছেন সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

১.৮ ভ্রমণ/পরিদর্শন (বিদেশে)

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা)* | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/স্পেশাল এ্যাসিস্টেন্ট | সচিব | মন্ত্রব্য |
|---------------------------------------|------------------|---|-------|-----------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| - | ২৮দিন | - | ৪৪দিন | - |

১.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: ৫টি বিবরণী দাখিল করা হয়।

(২) অডিট আপত্তি

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত):

(অঙ্ক সমূহ কোটি টাকায়)

| ক্রমিক নং | মন্ত্রণালয়/বিভাগসমূহের নাম | অডিট আপত্তি | | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|--------------|--|-------------|-------------------------------|------------------------------|--------------------------|-------------------------------|-----------------------|-------------------------------|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | ১৯ | ৩০.২৩ | ১৯ | ১০ | ০.৪ | ৯ | ২৯.৮৩ |
| ২. | বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | ২৯৮ | ২১৮.২৪ | - | ৬৯ | ১১৭.৬৪ | ২২৯ | ১০০.৬ |
| ৩. | বাংলাদেশ বিজ্ঞান এবং শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) | ৪০৬ | ১২১.৪১৩১ | ৪০৬ | ২২২ | ৭৫.৯৩৬১ | ১৮৪ | ৪৫.৪৭৭১ |
| ৪. | জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর | ২৫ | ৪.৪৬৪৫ | ১ | ১৬ | ৩.৪৭৬১ | ৯ | ০.৯৮৮২ |
| ৫. | বাংলাদেশ জাতীয় বিজ্ঞান ও কারিগরি তথ্য সংগ্রহ ও বিতরণ কেন্দ্র (ব্যান্ডক) | ২৫ | ১.৯ | - | ১৫ | ০.৮৮ | ১০ | ১.০২ |
| ৬. | বজ্রবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার | ১১ | ১০.৮৭ | ১১ | ৭ | ৫.২ | ৪ | ৫.৬৭ |
| ৭. | ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি | ৩ | ০.১৪ | ৩ | ৩ | ০.১৪ | - | - |
| ৮. | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | ১৪ | ৪.১৮ | ১ | ১৩ | ৪.০৮ | ১ | ০.১০৫ |
| ৯. | বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বরি) | - | - | - | - | - | - | - |
| সর্বমোট= | | ৮০১টি | ৩৯১.৪৩৭৬ | ৪৪১টি | ৩৫৫টি | ২০৭.৭৫২২ | ৪৪৬টি | ১৮৩.৬৯০৩ |

২.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা: প্রযোজ্য নয়

(৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৭-১৮) মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থাসমূহে পঞ্জিত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|--|--|---|----------|---------------|-----|--|
| | | চাকুরীচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | ১ | - | - | - | - | ১ |
| বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | ৬ | ১ | ২ | ১ | ৪ | ২ |
| বাংলাদেশ বিজ্ঞান এবং শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) | ৯ | ৪ | - | ১ | ৫ | ৪ |
| জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর | ৩ | - | - | ১ | ১ | ২ |
| ব্যান্ডক | - | - | - | - | - | - |
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার | ২ | - | - | - | - | ২ |
| ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি | - | - | - | - | - | - |
| বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | - | - | - | - | - | - |
| বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বরি) | - | - | - | - | - | - |
| মোট= | ২১ | ৫ | ২ | ৩ | ১০ | ১১ |

(৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত):

| মন্ত্রণালয়/সংস্থার নাম | সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|--|--|---|--|--------------------------------|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | - | - | - | - | - |
| বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | - | ৫ | - | ৫ | ১২ |
| বাংলাদেশ বিজ্ঞান এবং শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) | - | - | ৩ | ৩ | ১ |
| জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর | - | - | - | - | - |
| ব্যান্ডক | - | - | - | - | - |
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার | - | ১ | - | ১ | - |
| ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি | - | - | - | - | - |
| বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | - | - | - | - | - |
| বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বরি) | - | - | - | - | - |
| মোট= | - | ৬ | ৩ | ৯ | ১৩ |

(৫) মানবসম্পদ উন্নয়ন:

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত):

| মন্ত্রণালয়/সংস্থার নাম | প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|--|--------------------------------|--|
| ১ | ২ | ৩ |
| বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | ২ | ৬ |
| বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | ৪৬ | ৯৯২ |
| বাংলাদেশ বিজ্ঞান এবং শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) | ৭০ | ৭০২ |
| জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর | ২২ | ২৯ |
| ব্যান্ডক | ৫ | ১৮২ |
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার | ৪ | ২৫০ |
| ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি | ৮ | ১৬৪ |
| বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | ৪ | ৪ |
| বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বরি) | - | - |
| মোট= | ১৬১টি | ২,৩২৯জন |

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক পূর্ববর্তী অর্থ-বছরে (২০১৭-১৮) কোন ইন-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীদেরকে ৬০ ঘন্টা ইন-হাউস প্রশিক্ষণ দেয়া হয়েছে।

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন: কমিশনের ৭টি প্রতিষ্ঠানে মোট ৪৬টি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর): উন্নয়ন প্রকল্প ও রাজস্ব বাজেটের আওতায় সংগৃহীত যন্ত্রের ওপর ১০টি ইন-হাউস প্রশিক্ষণের মাধ্যমে মোট ১৫০ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। এছাড়া, ৮০০ জন বিজ্ঞানী ও কর্মকর্তাকে শুদ্ধাচার ও নৈতিকতা বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে।

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর: কর্মরত কর্মচারীদেরকে বিভিন্ন বিষয়ের ওপর প্রতিমাসে ৬ ঘন্টা করে ৬৬ ইন-হাউস প্রশিক্ষণ দেয়া হয়েছে।

বাংলাদেশ জাতীয় বিজ্ঞান ও কারিগরি তথ্য সংগ্রহ ও বিতরণ কেন্দ্র (ব্যান্ডক): ১ম শ্রেণির ৯ জন কর্মকর্তাকে ২১৬ ঘন্টা, ২য় শ্রেণির ২ জনকে ১২০ ঘন্টা, ৩য় শ্রেণির ১২ জনকে ৭২০ ঘন্টা এবং ৪র্থ শ্রেণির ৯ জন কর্মচারীকে ৫৪০ ঘন্টা ইন-হাউস প্রশিক্ষণ দেয়া হয়েছে।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার: জনপ্রতি ৬০ ঘন্টা ইন-হাউস প্রশিক্ষণ দেয়া হয়েছে।

ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি: ১৫টি প্রশিক্ষণের মাধ্যমে বিভিন্ন বিষয়ে জনপ্রতি ৬০ ঘন্টা ইন-হাউস প্রশিক্ষণ দেয়া হয়েছে।

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ: ১২টি প্রশিক্ষণের মাধ্যমে বিভিন্ন বিষয়ে জনপ্রতি ৭২ ঘন্টা ইন-হাউস প্রশিক্ষণ দেয়া হয়েছে।

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা:

প্রযোজ্য নয়

৫.৪ মন্ত্রণালয়ে অনূ দ্য জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অনূ দ্য জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: প্রযোজ্য নয়

৫.৫ প্রতিবেদনাধীন অর্থ-বছরে (১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত) প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় থেকে ৩২ জন, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন থেকে ১৭৭ জন, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ থেকে ৪৬ জন, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর থেকে ৯ জন, ব্যান্ডকের ৩ জন এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ থেকে ৯০ জন সর্বমোট= ৩৫৭ জন

(৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত):

| মন্ত্রণালয়/সংস্থার নাম | দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|--|--|---|
| ১ | ২ | ৩ |
| বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | ৫ | ৬৮০ |
| বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | ৫১ | ৮৫৪ |
| বাংলাদেশ বিজ্ঞান এবং শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) | ১৭ | ৩৬ |
| জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর | ৮৬ | ১,০০,০০০ |
| ব্যাপসডক | ১ | ১২০ |
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার | ৪ | ২০০ |
| ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি | ২ | ১১০ |
| বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | ৮ | ২২৪ |
| বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বরি) | - | - |
| মোট= | ১৭৪টি | ১,০২,২২৪জন |

(৭) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার স্থাপন (১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত):

| মন্ত্রণালয়/সংস্থার নাম | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহের ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহে লেন (LAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|--|--|--|---|--|--|----------|
| | | | | | কর্মকর্তা | কর্মচারি |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | ৫২ | আছে | আছে | আছে | ৭১ | ৭৪ |
| বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | ৭০৫ | আছে | আছে | আছে | ৫০০ | ২৮০ |
| বাংলাদেশ বিজ্ঞান এবং শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) | ৩৮ | আছে | আছে | আছে | ১৯ | ৪ |
| জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর | ২২ | আছে | আছে | আছে | ১৩ | ৯ |
| ব্যাপসডক | ১১ | আছে | আছে | নাই | ১০ | ১৭ |
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার | ৭ | আছে | নাই | আছে | ৯ | ৩২ |
| ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি | ৪ | আছে | নাই | নাই | ২৫ | ৩০ |
| বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | ৪৯ | আছে | আছে | - | ৩ | ১৬ |
| বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বরি) | ২৮ | - | - | - | ২০ | ১০ |
| মোট= | ৯১৬টি | আছে | আছে | আছে | ৬৭০জন | ৪৭২জন |

(৮) সরকারি প্রতিষ্ঠানসমূহের আয়ের লভ্যাংশ/মুনাফা আদায়কৃত রাজস্ব থেকে সরকারী কোষাগারে জমার পরিমাণ (কোটি টাকায়): (অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়

(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)

| | | ২০১৭-২০১৮ | | ২০১৬-২০১৭ | | হাস (-)/বৃদ্ধির (+) হার | |
|--------------------------------|--------------------|--------------|--------------|--------------|--------------|-------------------------|--------------|
| | | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন |
| রাজস্ব আয় | ট্যাক্স রেভিনিউ | | | | | | |
| | নন-ট্যাক্স রেভিনিউ | | | | | | |
| উদ্বৃত্ত (ব্যবসায়িক আয় থেকে) | | | | | | | |
| লভ্যাংশ হিসাবে | | | | | | | |

(৯) প্রতিবেদনাধীন অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট:

৯.১ প্রতিবেদনাধীন অর্থ বছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা:

- (ক) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা প্রণয়ন
- (খ) বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (সংশোধিত) আইন, ২০১৮ প্রণয়ন
- (গ) বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট কর্তৃক ফেলোশিপ প্রদান সম্পর্কিত নীতিমালা-২০১৮ প্রণয়ন
- (ঘ) বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট তহবিল পরিচালনা বিধিমালা, ২০১৭ প্রণয়ন
- (ঙ) বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতার নীতিমালা প্রণয়ন
- (চ) জেলা ও উপজেলায় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপন নীতিমালা প্রণয়ন
- (ছ) জেলা ও উপজেলায় বিজ্ঞান বিষয়ক অলিম্পিয়াড আয়োজন নীতিমালা প্রণয়ন
- (জ) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের যানবাহন ও অন্যান্য সরঞ্জাম অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তি নীতিমালা প্রণয়ন
- (ঝ) বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এর ইংরেজি সংস্করণ “The Bangladesh Atomic Energy Regulatory Act, 2012 (Act No 19 of 2012)” প্রণয়ন
- (ঞ) “Code of Ethics” of Bangladesh Atomic Energy Regulatory Authority প্রণয়ন

৯.২ প্রতিবেদনাধীন অর্থ বছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকাণ্ড:

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়:

- (১) বাংলাদেশ ও ভারতের মধ্যে Joint Committee on Science and Technology (JCST)-এর ৫ম সভা ২৭ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ ঢাকায় আয়োজন করা হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশের BCSIR এবং ভারতের CSIR-এর মধ্যে ২০১৮-২০২১ মেয়াদে Working Program of Cooperation (POC) গত ১৫ মে ২০১৮ তারিখ স্বাক্ষরিত হয়েছে।
- (২) বাংলাদেশ-রাশান ফেডারেশনের মধ্যে Cooperation concerning return of Spent Nuclear Fuel from Rooppur Nuclear Power Plant to the Russian Federation বিষয়ে একটি চুক্তি গত ৩০ আগস্ট ২০১৭ তারিখ স্বাক্ষরিত হয়েছে।
- (৩) বাংলাদেশ ও ভারতের সংস্থা পর্যায়ে Addendum I to Inter-Agency Agreement on Cooperation Regarding Nuclear Power Plant Projects in Bangladesh-Terms and Conditions of Deputation of Indian Experts for Rooppur, NPP, Bangladesh বিষয়ে একটি চুক্তি গত ০৯ এপ্রিল ২০১৮ তারিখ স্বাক্ষরিত হয়েছে।
- (৪) গবেষণা অনুদানের চেক প্রদান অনুষ্ঠান: বঙ্গবন্ধু ফেলোশিপ, এনএসটি ফেলোশিপ এবং গবেষকদের মধ্যে বিশেষ গবেষণা অনুদানের চেক প্রদানের জন্য গত ০৪ মার্চ ২০১৮ তারিখ ওসমানী মিলনায়তনে ১২৫০ জন ফেলো/গবেষকের উপস্থিতিতে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী ফেলো ও গবেষকদের মধ্যে চেক বিতরণ করেন।
- (৫) বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ কর্মসূচি: বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের আওতায় ২০১৭-১৮ অর্থ-বছরে দেশে-বিদেশে প্রথম পর্যায়ে ১১৬ জন এবং ২য় পর্যায়ে ১৩৬ জন মোট ২৫২ জনকে ফেলোশিপ প্রদান করা হয়েছে।
- (৬) গবেষণা ও উন্নয়ন প্রকল্পসমূহের বিশেষ অনুদান কর্মসূচি: দেশে বিজ্ঞান চর্চা, বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক গবেষণা ও উন্নয়ন কাজে উৎসাহ ও অনুপ্রেরণা প্রদানের জন্য বিজ্ঞান এবং প্রযুক্তি গবেষণা খাত হতে গবেষণা প্রকল্পে বিশেষ অনুদান প্রদান করা হয়। ২০১৭-

১৮ অর্থ-বছরে গবেষণা ও উন্নয়ন প্রকল্পসমূহের বিশেষ অনুদান কর্মসূচির আওতায় ৪৭৫টি প্রকল্পের বিপরীতে মোট ১৪ কোটি ৪০ লক্ষ ৫০ হাজার টাকা অনুদান প্রদান করা হয়েছে।

- (৭) **জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ কর্মসূচি:** বিজ্ঞান ও প্রযুক্তির বিভিন্ন ক্ষেত্রে গবেষণারত ছাত্রছাত্রী/গবেষকদের গবেষণা কাজে সহায়তার জন্য জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ কর্মসূচির আওতায় বিভিন্ন ক্যাটাগরিতে ((১) ভৌত, জৈব ও অজৈব বিজ্ঞান, প্রকৌশল ও পরিবেশ বিজ্ঞান, নবায়নযোগ্য শক্তি বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ন্যানোটেকনোলজি ও লাগসই প্রযুক্তিবিষয়ক (২) জীব বিজ্ঞান ও চিকিৎসা বিজ্ঞানবিষয়ক (৩) খাদ্য ও কৃষি বিজ্ঞানবিষয়ক এবং (৪) পূর্ববর্তী বছরে এমফিল ও পিএইচডি কোর্সে ফেলোশিপপ্রাপ্ত ফেলোদের নবায়নসহ ২০১৭-১৮ অর্থ-বছরে ২,৩৫৯ জন ছাত্র-ছাত্রী/গবেষককে ১৫ কোটি টাকা ফেলোশিপ প্রদান করা হয়েছে।
- (৮) **প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে অনুদান:** বিজ্ঞান ও প্রযুক্তি উদ্ভাবন এবং গবেষণার মান বৃদ্ধির লক্ষ্যে দেশীয় বিজ্ঞানীগণকে তাঁদের চলমান/প্রস্তাবিত গবেষণা প্রকল্পের জন্য প্রতি অর্থ-বছরে এ মন্ত্রণালয় হতে অনুদান প্রদান করা হয়। ২০১৭-১৮ অর্থ-বছরে এ খাতে ২৮১টি প্রকল্পের অনুকূলে ১ কোটি ৫০ লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়েছে।
- (৯) **বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন/প্রতিষ্ঠানসমূহকে আর্থিক অনুদান:** বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন/প্রতিষ্ঠানসমূহে গবেষণা জার্নাল প্রকাশ, সেমিনার/সিম্পোজিয়াম এবং বুলেটিন প্রকাশনার লক্ষ্যে অনুদান প্রদান করা হয়। ২০১৭-১৮ অর্থ-বছরে ২১৪টি বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন/প্রতিষ্ঠানকে ১ কোটি ৫০ লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়েছে।
- (১০) **বেসরকারি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান /বিজ্ঞান ক্লাবসমূহে আর্থিক অনুদান:** ২০১৭-২০১৮ অর্থ বছরে ১৪৬টি বেসরকারি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে বিজ্ঞানাগারের ব্যবহার্য কেমিক্যাল/যন্ত্রপাতি ক্রয়, বিজ্ঞানবিষয়ক জার্নাল প্রকাশনা এবং সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালা/প্রদর্শনী আয়োজনের জন্য ১ কোটি ১৯ লক্ষ ১০ হাজার টাকা অনুদান প্রদান করা হয়েছে।
- (১১) **দেশে স্থানীয়ভাবে উদ্ভাবিত লাগসই প্রযুক্তির প্রয়োগ ও সম্প্রসারণ শীর্ষক সেমিনার ও প্রদর্শনী:** ২০১৭-১৮ অর্থ-বছরে ৩২ লক্ষ টাকা ব্যয়ে মোট ৩২টি উপ-জেলায় দেশে স্থানীয়ভাবে উদ্ভাবিত লাগসই প্রযুক্তির প্রয়োগ ও সম্প্রসারণ শীর্ষক সেমিনার ও প্রদর্শনী আয়োজন করা হয়েছে।

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন:

- (১) দেশের গবেষণা সুবিধাদির উন্নয়ন ও সম্প্রসারণের উদ্দেশ্যে ১০টি প্রকল্পের কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।
- (২) ক্যাম্পার চিকিৎসা ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে সাভারস্থ পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠানে Nuclear Medical Physics Institute স্থাপন করা হয়েছে।
- (৩) ৮টি মেডিকেল কলেজ হাসপাতাল ক্যাম্পাসে ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালায়েড সায়েন্সেস স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে।
- (৪) মানবসম্পদ উন্নয়নে TC, RCA, FNCA ইত্যাদি প্রোগ্রামের আওতায় ১২১ জন কর্মকর্তাকে বিদেশে প্রশিক্ষণ গ্রহণে সহায়তা প্রদান করা হয়েছে।
- (৫) ৯৯২ জনকে বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ও বিজ্ঞানীদের গবেষণালব্ধ ফলাফল নিয়ে ১৬৭টি প্রবন্ধ জাতীয় ও আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত হয়েছে।
- (৬) অর্নাস, এমএসসি, এমফিল, পিএইচডি অর্জনের জন্য ১০৭ জন গবেষককে গবেষণা তত্ত্বাবধানে সহায়তা প্রদান করা হয়েছে।
- (৭) পরমাণু প্রযুক্তি ব্যবহার করে ৪,৩৫,৩৬২ জন রোগীকে পরমাণু চিকিৎসা সেবা প্রদানের মাধ্যমে ২৮কোটি ২২ লক্ষ ৯৪ হাজার ৫শত টাকা রাজস্ব আয় হয়েছে।
- (৮) আমদানীকৃত ১৬,৮৭৪টি খাদ্যদ্রব্যের নমুনায় তেজস্ক্রিয়তার মাত্রা পরীক্ষা করে ১৯ কোটি ৭২ লক্ষ ০৫ হাজার ৭শত টাকা রাজস্ব আয় হয়েছে।
- (৯) পরমাণু চিকিৎসায় ব্যবহারের জন্য ৭২১ টি Tc^{99m} জেনারেটর এবং ১,৩৩০.২৮ জিবিকিউ I-131 সরবরাহ করে মোট ১ কোটি ১০ লক্ষ ৪৩ হাজার টাকা রাজস্ব আয় হয়েছে।

- (১০) গামা রেডিয়েশন ব্যবহার করে খাদ্য ও চিকিৎসাসামগ্রীতে বিকিরণ প্রয়োগ এবং নমুনা বিশ্লেষণ করে ৯২ লক্ষ ১৮ হাজার টাকা রাজস্ব আয় হয়েছে।
- (১১) শল্য চিকিৎসায় ব্যবহারের জন্য ৫,৯৮৯টি অ্যামনিয়ন গ্রাফট এবং ১৫,৬৮১ সিসি জীবাণুমুক্ত বোন গ্রাফট সরবরাহ করে ৮ লক্ষ ৩৭ হাজার ৯ শত টাকা রাজস্ব আয় হয়েছে।
- (১২) উইলসন রোগ নির্ণয়ে রোগীর প্রস্রাবের নমুনায় কপারের মাত্রা নিরূপণ ও নমুনার রাসায়নিক বিশ্লেষণ করে ৫১ লক্ষ ৪২ হাজার টাকা রাজস্ব আয় হয়েছে।

রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প কাজের উল্লেখযোগ্য অগ্রগতিঃ

- (১) বাংলাদেশ ও রাশান ফেডারেশনের মধ্যে স্বাক্ষরিত Inter Governmental Credit Agreement এর অধীনে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের জন্য ১১.৩৮ বিলিয়ন মার্কিন ডলার ঋণ সংক্রান্ত ব্যাংকিং কার্যাদি সম্পাদনের লক্ষ্যে সোনালী ব্যাংক লিমিটেড এবং রাশান প্রতিসংগী Vnesheconombank এর মধ্যে ০৪ জুলাই ২০১৭ ও ২১ জুলাই ২০১৭ ইং তারিখে Interbank Arrangement সম্পাদিত হয়েছে।
- (২) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের ১ম পর্যায়ের কাজ সমাপ্ত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ৩০ নভেম্বর ২০১৭ তারিখ রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রথম রিঅ্যাক্টর ভবনের First Concrete Pouring কাজের শুব উদ্বোধন করা হয়েছে।
- (৩) নিউক্লিয়ার পাওয়ার প্লান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেডের নবনিযুক্ত ৮৩ জন কর্মকর্তার মধ্যে ৬৬ জন কর্মকর্তাকে নিয়ে নিউক্লিয়ার পাওয়ার প্লান্ট সম্পর্কিত Beginners Training Course এর আয়োজন করা হয়েছে। এছাড়া, কোম্পানীর ২৫ জন কর্মকর্তাকে Non Destructive Testing এবং ১২ জন কর্মকর্তাকে Reactor Engineering বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে।

বিসিএসআইআর: বিসিএসআইআর কর্তৃক ১২টি নতুন প্রযুক্তি উদ্ভাবন, দেশে-বিদেশে ১১২টি গবেষণা প্রবন্ধ প্রকাশ, ৫টি উদ্ভাবিত প্রযুক্তির বাণিজ্যিকীকরণ, ৪,৯৭৮টি শিল্প/বাণিজ্যিক পণ্য/পদার্থের বিশ্লেষণসেবা প্রদান এবং ১১টি উদ্ভাবিত প্রযুক্তির পেটেন্ট অর্জনের জন্য আবেদন করা হয়েছে।

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর:

- (১) ১,২৩,০৪৭ জন দর্শনার্থী জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের গ্যালারীসমূহ পরিদর্শন করেছে এবং ১,৪৬৪ জন দর্শনার্থী টেলিস্কোপের সাহায্যে আকাশ পর্যবেক্ষণ করেছেন।
- (২) জাতীয় পিতার জন্মদিন ও জাতীয় শিশু দিবসে এবং মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে শিশু কিশোরদের জন্য চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়। সেখানে প্রায় ৫০০ জন শিশু-কিশোর অংশগ্রহণ করে।
- (৩) জেলা ও উপজেলা পর্যায়ে ৩৯তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপনের জন্য প্রতি জেলায় ১,৬০,০০০ টাকা করে মোট ১ কোটি ০৫ লক্ষ ৬০ হাজার টাকা এবং উপজেলা পর্যায়ে ৬০ হাজার টাকা করে মোট ২ কোটি ৯৪ লক্ষ টাকাসহ সর্বমোট ৩ কোটি ৯৯ লক্ষ ৬০ হাজার টাকা প্রদান করা হয়েছে।
- (৪) দেশের সকল জেলা, বিভাগ ও কেন্দ্রীয় পর্যায়ে ২য় বিজ্ঞানবিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে।
- (৫) দেশের সকল উপজেলা, জেলা ও কেন্দ্রীয় পর্যায়ে ২য় বিজ্ঞানবিষয়ক অলিম্পিয়াড আয়োজন করা হয়েছে।
- (৬) দেশের ৫১টি উপজেলায় উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব গঠন করা হয়েছে।
- (৭) বিজ্ঞান ও উন্নয়ন ট্রাস্টের আওতায় দেশের সকল বিভাগে বিজ্ঞান ও প্রযুক্তি মেলা আয়োজন করা হয়েছে।
- (৮) বিজ্ঞান ও উন্নয়ন ট্রাস্টের আওতায় বিজ্ঞানাগার উন্নয়নের জন্য দেশের ১৮৯টি অনগ্রসর শিক্ষা প্রতিষ্ঠানকে ১ লক্ষ টাকা করে মোট ১ কোটি ৮৯ লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়েছে।
- (৯) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্পের অধিকাংশ কাজ সমাপ্ত করা হয়েছে।।
- (১০) ২০১৬-১৭ অর্থ-বছরের কেন্দ্রীয় বিজ্ঞান মেলা, কুইজ প্রতিযোগিতা ও অলিম্পিয়াডে বিজয়ী ২২ জন প্রতিযোগীকে বিদেশে প্রনোদনামূলক শিক্ষা সফরে প্রেরণ করা হয়েছে।
- (১১) জাদুঘরের মিউজিভাস ও মুভিভাসের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলে ১০৮টি ভ্রাম্যমান বিজ্ঞান প্রদর্শনী ও ৪-ডি মুভি প্রদর্শনী আয়োজন করা হয়েছে।
- (১২) ৫টি আকাশ পর্যবেক্ষণ ক্যাম্প আয়োজন করা হয়েছে।

ব্যালডক:

- (১) বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক ৬,৭২৫ টি তথ্য সংগ্রহ করা হয়েছে;
- (২) বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক ১১,৭৮১ পৃষ্ঠা তথ্য বিতরণ করা হয়েছে;
- (৩) ২৭,২১৭ জন গ্রাহক ব্যালডকের সেবা গ্রহণ করেছেন।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার:

- (১) ২০১৭-১৮ অর্থ-বছরে নভোথিয়েটারে ২,৫৩,২৮৮জন দর্শক সমাগম হয়েছে এবং ২ কোটি ২৬ লক্ষ ৪৮ হাজার টাকা আয় হয়েছে।
- (২) সকল বিভাগীয় শহরে নভোথিয়েটার স্থাপন কার্যক্রমের আওতায় রাজশাহী বিভাগে নভোথিয়েটার স্থাপন প্রকল্পের কাজ চলমান রয়েছে। বরিশাল ও খুলনা বিভাগে নভোথিয়েটার স্থাপনের লক্ষ্যে ডিপিপি প্রণয়ন করা হচ্ছে। রংপুর এবং সিলেট বিভাগে নভোথিয়েটার স্থাপনের লক্ষ্যে ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন করার জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে। এছাড়া, চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগে নভোথিয়েটার স্থাপনের ফিজিবিলিটি স্টাডি সম্পাদনের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে।

ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি:

- (১) **ব্ল্যাক বেঙ্গল ছাগলের উৎপাদন, পুনরোৎপাদন ও রোগ প্রতিরোধ ক্ষমতা উন্নয়ন:** ২০১৭-১৮ অর্থ-বছরে ৫০টিসহ মোট ২৩৩টি রক্তের নমুনা ১১টি মাইক্রোস্যাটেলাইট প্রাইমার দিয়ে বিশ্লেষণ করে DRB1 জীনের মধ্যে ৮টি ও GDF9 জীনের মধ্যে ১টি SNP (Single Nucleotide Polymorphism) সনাক্ত করা হয়েছে।
- (২) **দেশি হাঁসের জেনেটিক ভিন্নতা পর্যবেক্ষণ:** ২০১৭-১৮ অর্থ-বছরে ৯০টিসহ মোট ২৮৯টি দেশি হাঁসের রক্ত নমুনা সংগ্রহপূর্বক ডিএনএ পৃথক করে ০৭টি মাইক্রোস্যাটেলাইট প্রাইমার ব্যবহার করে পরীক্ষা করা হয়েছে। পরীক্ষায় দেখা যায় যে, প্রাইমারগুলো আমাদের দেশে বিদ্যমান হাঁসের জেনেটিক বৈচিত্রতা পর্যবেক্ষণের জন্য কার্যকর।
- (৩) **গরুর দুধের বিটা কেজিন জীনের জেনেটিক ভ্যারিয়েন্ট নির্ণয়:** এ বছর ১৫০টিসহ মোট ৫৭৪ টি দেশি ও সংকর জাতের গরুর সংগৃহীত রক্তের নমুনা হতে ডিএনএ পৃথক করে মোট ৫৩৯ টি নমুনার পিসিআর সম্পন্ন করা হয়েছে। দেশের বিভিন্ন স্থান হতে দেশি জাতের মোট ৯৬ টি মহিষের নমুনা (৭৪ টি রক্ত, ১২ টি দুধ এবং ১০ টি মাংস) সংগ্রহ করা হয়েছে এবং এর মধ্যে ৮৪ টি নমুনার ডিএনএ পৃথকীকরণ সম্পন্ন হয়েছে। পরীক্ষা সম্পন্নকৃত গরুর নমুনাসমূহের প্রায় ২৬.৭১% নমুনায় A2A2, ৬৫.৪৯% নমুনায় A1A2 এবং ৭.৭৯% নমুনায় A1A1 জেনোটাইপ বিদ্যমান। A1A1 জেনোটাইপ শুধুমাত্র সংকর জাতের গরুতে পাওয়া গিয়েছে। অর্থাৎ আমাদের দেশে প্রাপ্ত গরুগুলো A1 এবং A2 এই দুই ধরনের বিটা কেজিন প্রোটিনসমৃদ্ধ দুধই উৎপাদন করছে।
- (৪) **স্থানীয় জাতের গবাদি পশু/পাখির ডিএনএ বার কোডিং সংরক্ষণ এবং উৎপাদন বৃদ্ধিতে এদের ব্যবহার:** গরু, মহিষ, ছাগল, ভেড়া, মুরগি ও কবুতর থেকে মোট ৮০২টি রক্ত/চুল/ পশমের নমুনা সংগ্রহপূর্বক ডিএনএ পৃথকীকরণ ও সাইটোক্রোম-বি সংশ্লিষ্ট প্রাইমার দিয়ে পিসিআর সম্পন্ন করা হয়েছে। এর মধ্যে ৫০০টি নমুনার সিকোয়েন্সিং সম্পন্ন হয়েছে। আরও নমুনা সংগ্রহের কাজ চলমান আছে।
- (৫) **মুরগির মিক্সোভাইরাস রেজিস্ট্যান্ট জিনের বৈচিত্র্য এবং এভিয়ান ইনফ্লুয়েঞ্জা সংক্রমণের সাথে এর সম্পর্ক নির্ণয়:** ২০১৭-১৮ অর্থ-বছরে সাভার অঞ্চলের মুরগি থেকে তথ্যসহ ৪৬৫টি করে রক্ত, সোয়াব এবং সিরাম নমুনা সংগ্রহ করা হয়েছে। এভিয়ান ইনফ্লুয়েঞ্জা ভাইরাসের উপস্থিতি সনাক্ত করার জন্য সোয়াব নমুনা মুরগির ভ্রুণে পরীক্ষা করে হিমাণুটিনেটিং ভাইরাস পাওয়া গেছে। মিক্সোভাইরাস জিন সনাক্ত করার জন্য ১০০ টি রক্ত নমুনা থেকে ডিএনএ পৃথক করে PCR-RFLP করা হয়েছে এবং আরো নমুনা সংগ্রহ এবং পরীক্ষণের কাজ চলমান আছে।
- (৬) **মুরগি হতে সনাক্তকৃত ব্যাকটেরিয়ায় অ্যান্টিবায়োটিক প্রতিরোধী জিন অনুসন্ধান:** ২০১৭-১৮ অর্থ-বছরে ঢাকার বিভিন্ন এলাকার সুপার শপ থেকে ৫০টি মুরগি সংগ্রহ করে ব্যাকটেরিয়া (*E. coli*) পৃথক ও সনাক্ত করা হয়েছে। *E. coli* থেকে ডিএনএ পৃথক করে ৭ টি অ্যান্টিবায়োটিকের বিরুদ্ধে ১০টি জীনের জন্য পিসিআর করা হয়েছে, যাট ভাগ *E. coli* এর মধ্যে মাল্টি-ড্রাগ প্রতিরোধী জিন পাওয়া গেছে; আরও নমুনা সংগ্রহ ও পরীক্ষণের কাজ চলমান আছে।
- (৭) **গরুর সিমেন্টের গুণগতমান ও উর্বরতার সাথে জড়িত জীনের বৈচিত্র্য নির্ণয়:** ২০১৭-১৮ অর্থ-বছরে শাহজাদপুর, সিরাজগঞ্জ থেকে সংকরজাতের গরুর ৫৪টি রক্ত নমুনা সংগ্রহপূর্বক ডিএনএ পৃথকীকরণ এবং ২৮টি নমুনার পিসিআর সম্পন্ন হয়েছে। বাকি নমুনার পরীক্ষণের কাজ চলমান রয়েছে।
- (৮) **খান চাষের সাশ্রয়ী পরিবেশবান্ধব জীবাণু সার উদ্ভাবন ও উৎপাদন:** ২০১৭-১৮ অর্থ-বছরে প্রক্রিয়াজাতকৃত শিকড়ের নমুনা হতে নাইট্রোজেন সংবন্ধনকারী ৩৯টি ব্যাকটেরিয়া পৃথকীকরণ, বৈশিষ্ট্য পর্যবেক্ষণ ও সংরক্ষণের পাশাপাশি উক্ত ব্যাকটেরিয়াসমূহের বায়োকেমিক্যালি সনাক্তকরণের কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে সংগৃহীত ১৭টি ব্যাকটেরিয়ার নাইট্রোজেন সংবন্ধনের সক্ষমতা নিরূপণের পাশাপাশি ফসফেট সলিউবিলাইজেশান সক্ষমতা পর্যবেক্ষণের কার্যক্রম শুরু করা হয়েছে।

- (৯) **হেভী মেটাল স্ট্র মাটি ও পানির দূষণ প্রশমন:** ট্যানারী বর্জ্য নমুনা হতে ৬০টি ক্রোমিয়াম সহনশীল অণুজীব পৃথকীকরণ ও বাছাইকরণ করা হয়েছে। বাছাইকৃত অণুজীব দ্বারা ক্রোমিয়াম রূপান্তরকরণ ও রূপান্তরকরণের ওপর বিভিন্ন নিয়ামকের প্রভাব পর্যবেক্ষণ করা হয়েছে। কাজিত অণুজীবসমূহ বায়োকেমিক্যাল টেস্ট ও ডিএনএ সিকোয়েন্সিং পদ্ধতির মাধ্যমে চূড়ান্তভাবে সনাক্তকরণ করা হয়েছে।
- (১০) **ইলিশের বংশগত গঠন অনুসন্ধানের জন্য মাইক্রোস্যাটেলাইট মার্কার উদ্ভাবন:** দেশের ৫টি উৎস থেকে ইলিশের ২০০টি নমুনা সংগ্রহপূর্বক মাইটোকন্ড্রিয়াল সাইটোক্রোম-বি জিন এর প্রাইমার দ্বারা ইলিশ মাছের PCR কার্যক্রম ও সিকোয়েন্সিং করা হয়েছে। ইলিশের সমগোত্রীয় মাছের জিন এনালাইসিস করে নতুন প্রাইমার ডিজাইন এর কাজ চলমান আছে।
- (১১) **প্রাকৃতিক ও হ্যাচারী উৎসের দেশী সরপুঁটির জেনেটিক ভিন্নতা পর্যবেক্ষণ:** ময়মনসিংহ, মাদারীপুর, সিলেট, যশোর হতে ১৬০টি নমুনা সংগ্রহপূর্বক তাদের ডিএনএ পৃথক করে ৫ সেট আরএপিডি প্রাইমার দ্বারা পিসিআর কার্যক্রম, ডাটা রিডিং ও ডাটা এনালাইসিস এর কাজ সম্পন্ন হয়েছে, এতে দেশীয় সরপুঁটি ও থাই সরপুঁটি মাছের জেনেটিক ভিন্নতা পাওয়া গেছে।
- (১২) **মলিকুলার পদ্ধতির মাধ্যমে বাংলাদেশের ফার্মে স্ট্র শিং মাছের রোগের প্যাথোজেন সনাক্তকরণ:** প্রাকৃতিক ও হ্যাচারী উৎস হতে রোগাক্রান্ত শিং মাছ, মাটি ও পানির নমুনা সংগ্রহপূর্বক নমুনা হতে ব্যাকটেরিয়া পৃথকীকরণের এর কাজ চলমান আছে।
- (১৩) **চামড়া ও বস্ত্র শিল্পে ব্যবহারের উদ্দেশ্যে পরিবেশবান্ধব এনজাইম উৎপাদন:** চামড়া ও বস্ত্র শিল্পে ব্যবহারের উদ্দেশ্যে পরিবেশবান্ধব এনজাইম উৎপাদন পদ্ধতি উন্নয়নের লক্ষ্যে বিগত অর্থ বছরে চামড়া হতে লোম উঠানো ও বস্ত্র শিল্পে কাপড়ের মাড় দূরীকরণের জন্য কেরাটিনেজ ও এমাইলেজ এনজাইম উৎপাদনকারী ৩১টি অণুজীব সংগ্রহ, পৃথকীকরণ, চারিত্রিক বৈশিষ্ট্য পর্যবেক্ষণ করা হয়েছে। এর মধ্যে ১৬টি অণুজীব সনাক্তকরণ এবং এদের এনজাইম উৎপাদন সক্ষমতা পরিমাপ করা হয়েছে। ৮টি অণুজীব কর্তৃক উৎপাদিত এনজাইম বস্ত্র ও চামড়ার উপর প্রয়োগের ফলাফল পর্যবেক্ষণ করা হয়েছে। বর্ণিত সময়ে ৬টি ব্যাকটেরিয়া ডিএনএ সিকুয়েন্সিং পদ্ধতিতে সনাক্তকরণ এবং ৪টি ব্যাকটেরিয়া দ্বারা কেরাটিনেজ, এমাইলেজ ও সেলুলেজ এনজাইম উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন নিয়ামকের প্রভাব পর্যবেক্ষণ করা হয়েছে। একই সাথে জীনগত পরিবর্তনের মাধ্যমে জেনেটিক্যালি মডিফাইড অর্গানিজম প্রস্তুতের কার্যক্রম গৃহীত হয়েছে। চামড়া শিল্পে ব্যবহার উপযোগী কেরাটিনেজ এনজাইম উৎপাদনকারী ০২ অণুজীবের সম্পূর্ণ কেরাটিনেজ জীনের সিকোয়েন্স করা হয়েছে।
- (১৪) **বাংলাদেশীদের মধ্যে HSP70 জেনেটিক ভ্যারিয়েন্ট এবং টাইপ ২ ডায়াবেটিস ম্যালাইটাস এর সংশ্লিষ্টতা নির্ণয়:** ২০১৭-১৮ অর্থ-বছরে ডায়াবেটিস রোগীর ১১০টি রক্তের নমুনা সংগ্রহপূর্বক ডিএনএ পৃথক করে পিসিআর, রেস্ট্রিকশন ডাইজেশন করে তা অ্যানালাইসিস করা হয়েছে। বর্ণিত গবেষণা কার্যক্রমের আওতায় সংগৃহীত সর্বমোট ৩৪২টি (কন্ট্রোল: ১২৬, ডায়াবেটিক: ২১৬) ডায়াবেটিক রোগীর মধ্যে SNP এর উপস্থিতি পর্যবেক্ষণের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।
- (১৫) **টাইপ ২ ডায়াবেটিস ম্যালাইটাস সংশ্লিষ্ট জেনেটিক ভ্যারিয়েন্ট এর সাথে বাংলাদেশি মহিলাদের গর্ভকালীন ডায়াবেটিসের সংশ্লিষ্টতা নির্ণয়:** ২০১৭-১৮ অর্থ-বছরে ৮৫জন গর্ভবতী নারীর রক্তের নমুনা সংগ্রহপূর্বক এর মধ্যে ৩৫টি নমুনা গর্ভকালীন ডায়াবেটিস (GDM) রোগীর নমুনা হিসাবে সনাক্ত করা হয়েছে। সব কয়টি নমুনা হতে ডিএনএ পৃথকীকরণ করে পিসিআর করা হয়েছে এবং ২৪ টি ডিএনএ নমুনায় SNP এর উপস্থিতি পাওয়া গেছে।
- (১৬) **ডায়াবেটিস রোগের জন্য নতুন ঔষধের মডেল উদ্ভাবন:** ২০১৭-১৮ অর্থ-বছরে রাঙামাটি ও বান্দরবান হতে ৭ প্রজাতির ঔষধি গাছ সংগ্রহপূর্বক প্ল্যান্ট এক্সট্রাক্ট পৃথক করে এদের এন্টি-ডায়াবেটিক এক্টিভিটি পরীক্ষা করা হয়েছে। পরীক্ষায় দেখা গেছে ৩টি প্রজাতির এন্টি-ডায়াবেটিক এক্টিভিটি রয়েছে। টিএলসি, পিটিএলসি, আইএফটিআর এবং এনএমআর প্রযুক্তি ব্যবহার করে প্ল্যান্ট এক্সট্রাক্ট নির্দিষ্ট উপাদান পৃথক করা হয়েছে।
- (১৭) **টিস্যু কালচারের মাধ্যমে অর্থনৈতিক গুরুত্বসম্পন্ন উদ্ভিদের (ঘৃতকুমারী ও এলাচ) চারা তৈরী:** ২০১৭-১৮ অর্থ-বছরে টিস্যু কালচারের মাধ্যমে উৎপাদিত ঘৃতকুমারীর চারার সক্ষমতা প্রতিষ্ঠানের মাঠে মূল্যায়ন করা হয়েছে। সেই সাথে কৃষকের মাঠে ৩৫২টি অনুচারার সক্ষমতা দেখা হয়েছে এবং নাটোরে একটি প্রদর্শনী মাঠ করা হয়েছে। দেশে চাষকৃত জাতসমূহের মধ্যে জেনেটিক বৈচিত্রতা আছে কিনা তা দেখার জন্য ১৫টি নমুনার ডিএনএ ভিত্তিক আণবিক মার্কারের সাহায্যে পরীক্ষা করা হয়েছে। পাশাপাশি, শিল্পক্ষেত্রে ব্যবহার উপযোগী জাত নির্বাচন এবং স্থানীয় জাত উন্নয়নের জন্য এলোভেরার আণবিক এবং রাসায়নিক বৈচিত্র্য বিশ্লেষণ করা হচ্ছে। কাজিত জাতের এলাচের চারা সংগ্রহ করে মাঠে রোপন করা হয়েছে এবং টিস্যু কালচারের কাজ শুরু করা হয়েছে।
- (১৮) **জেনেটিক ইঞ্জিনিয়ারিং এর মাধ্যমে পীড়ণ সহিষ্ণু বেগুনের জাত উদ্ভাবন:** ২০১৭-১৮ অর্থ-বছরে গবেষণাগারে বেগুনের (বারি বেগুন-৪ এবং বারি বেগুন-৭) রিজেনারেশন পদ্ধতি প্রতিষ্ঠা করা হয়েছে। পীড়ণ-সহিষ্ণু জিন সনাক্তকরণ এবং জেনেটিক ইঞ্জিনিয়ারিং এর মাধ্যমে প্রতিকূল পরিবেশ-সহিষ্ণু ট্রান্সজেনিক বেগুনের জাত উন্নয়নের জন্য ভারত-বাংলাদেশ যৌথ উদ্যোগে নতুন গবেষণা প্রকল্প নেয়া হয়েছে এবং হিট শক প্রোটিন এবং অন্যান্য পীড়ণ-সহিষ্ণু জিনের সনাক্তকরণের কাজ শুরু করা হয়েছে।

পরমাণু শক্তি কমিশন নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ:

- (১) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ইউনিট-১ এর Design and Construction Licence প্রদান করা হয়েছে।
- (২) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের site stabilization works এর Conditional approval প্রদান করা হয়েছে।
- (৩) Vienna, Austria-তে অনুষ্ঠিত ৬১ তম IAEA General Conference-এ অংশগ্রহণ করা হয়েছে।
- (৪) "International workshop on the International Physical Protection Advisory Service (IPPAS) for Potential Team Member of Future IPPAS Mission" বিষয়ে একটি সেমিনার আয়োজন করা হয়েছে।
- (৫) e-Licensing and e-Learning System of BAERA for Users and Beneficiaries বিষয়ে একটি সেমিনার আয়োজন করা হয়েছে।
- (৬) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের Research Reactor এর operating license renew এর জন্য SAR Review সম্পাদন করা হয়েছে।
- (৭) VO "Safety"-র Expert এর সহায়তায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ইউনিট-১ এর Design and Construction License সংক্রান্ত PSAR Review সম্পাদন করা হয়েছে।
- (৮) "Bangladesh National Report to the Seventh Review Meeting of the Convention on Nuclear Safety (CNS)" IAEA-তে প্রেরণ করা হয়েছে।
- (৯) International Atomic Energy Agency (IAEA) এর Guidance Document "SSG-16" অনুযায়ী বাংলাদেশের Nuclear Safety Infrastructure Condition মূল্যায়নের লক্ষ্যে Self Assessment (SA) কার্যক্রম সম্পাদন করা হয়েছে।
- (১০) পরিবেশ অধিদপ্তরে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের 'EIA Report মূল্যায়ন কার্যক্রমে অংশগ্রহণ করা হয়েছে।
- (১১) রূপপুর NPP-এর Soil Stabilization সংক্রান্ত updated report-এর উপর Review and Assessment কার্যক্রম চলমান রয়েছে।
- (১২) রূপপুর NPP-এর Updated Preliminary Safety Analysis Report (PSAR)-এর Review কার্যক্রম চলমান রয়েছে।
- (১৩) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Long Term Manufacturing Equipment (LTME)-এর Review কার্যক্রম চলমান রয়েছে।
- (১৪) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের রিঅ্যাক্টর ভবনসমূহের Soil Stabilization Safety Status Report Review and Assessment সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে।
- (১৫) ২০১৭-১৮ অর্থ-বছরে ১টি নিউক্লীয় স্থাপনার লাইসেন্স প্রদান, ৪৪৫টি এক্স-রে স্থাপনা ও তেজস্ক্রিয় পদার্থসহ অন্যান্য কর্মকাণ্ডের নতুন লাইসেন্স প্রদান এবং ১৩২১টি লাইসেন্স নবায়ন, ৪০২টি আমদানি-রপ্তানি পারমিট প্রদান এবং ৫১টি এনওসি প্রদান, ৩৭৮টি বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তার নতুন সনদ প্রদান এবং ৩৯১টি সনদ নবায়ন করে ১৩ কোটি ২৫ লক্ষ ১৪ হাজার টাকা আয় হয়েছে। এছাড়া, ৮টি নিউক্লীয় স্থাপনার নিয়ন্ত্রণমূলক পরিদর্শন এবং ৩৯৪টি এক্স-রে স্থাপনা ও তেজস্ক্রিয় পদার্থসহ অন্যান্য কর্মকাণ্ড পরিদর্শন করা হয়েছে।
- (১৬) ফ্যাসিলিটি অপারেটরদের জন্য বিকিরণ সংক্রান্ত বিষয়ে ১৩টি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে ৪৩৭ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

নিউক্লিয়ার পাওয়ার কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড (এনপিসিবিএল):

রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রসহ অন্যান্য পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র স্থাপন ও পরিচালনার জন্য পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র আইন, ২০১৫ (২০১৫ সালের ১৯ নং আইন) এর আওতায় নিউক্লিয়ার পাওয়ার কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড (এনপিসিবিএল) গঠিত হয়। ২০১৭-২০১৮ অর্থ-বছরে মোট ২৩টি বোর্ড সভা অনুষ্ঠিত হয়েছে। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের পর এর সুষ্ঠু পরিচালনার স্বার্থে দক্ষ জনবল তৈরির নিমিত্ত ২০১৭ সালে ১২৭ জন কর্মকর্তা নিয়োগের কার্যক্রম শুরু করা হয়, এর মধ্যে ২০১৭-১৮ অর্থ-বছরে ৮১ জন কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। দক্ষ মানবসম্পদ গড়ে তোলার লক্ষ্যে নিয়োগপ্রাপ্ত ৮১ জন কর্মকর্তাকে দেশে-বিদেশে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। গত ২৮ ডিসেম্বর ২০১৭ তারিখে কোম্পানির ২য় বার্ষিক সভা অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বিওআরআই):

সমুদ্রবিষয়ক গবেষণা কার্যক্রম গ্রহণ, গবেষণালব্ধ ফলাফলের প্রয়োগ এবং এতদসংশ্লিষ্ট সকল কার্যক্রম পরিচালনা, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণের উদ্দেশ্যে বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট আইন, ২০১৫ (২০১৫ সালের ৭ নং আইন) এর আওতায় বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট গঠন করা হয়েছে। বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটে ২০১৭-১৮ অর্থ-বছরে ২০ জন কর্মকর্তা/বিজ্ঞানী সরাসরি এবং ৪৯ জন কর্মচারী আউটসোর্সিং-এর মাধ্যমে নিয়োগ করা হয়েছে। ইনস্টিটিউটের বিজ্ঞানীগণ সেন্টমার্টিন দ্বীপের ২৫ বর্গকিলোমিটার এলাকার ফিজিক্যাল ওশানোগ্রাফি, বায়োলজিক্যাল ওশানোগ্রাফি, কেমিক্যাল ওশানোগ্রাফি, জিওলজিক্যাল

ওশানোগ্রাফি এবং ইনভায়রনমেন্টাল ওশানোগ্রাফি বিষয়ে গবেষণার জন্য ৫টি প্রকল্প গ্রহণ করে। উক্ত প্রকল্পসমূহের প্রাপ্ত ফলাফল নিয়ে একটি সেমিনার আয়োজনের কার্যক্রম চলমান রয়েছে।

৯.৩ ২০১৬-২০১৭ অর্থ বছরের মন্ত্রণালয়ের কার্যাবলি সম্পাদনে বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ (সাধারণ/রুটিন প্রকৃতির সমস্যা/সঙ্কট উল্লেখের প্রয়োজন নেই, উদাহরণ: পদ সৃষ্টি, শূন্য পদ পূরণ ইত্যাদি)

(১০) মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত:

১০.১ ২০১৬-২০১৭ অর্থ-বছরের কার্যাবলির মাধ্যমে মন্ত্রণালয়ের আবদ্ধ উদ্দেশ্যাবলি সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি?

মন্ত্রণালয়ের আবদ্ধ উদ্দেশ্যাবলি সন্তোষজনক ভাবে সাধিত হয়েছে।

১০.২ উদ্দেশ্যাবলি সাধিত না হয়ে থাকলে তার কারণসমূহ: প্রযোজ্য নয়

১০.৩ মন্ত্রণালয়ের আবদ্ধ উদ্দেশ্যাবলি আরও দক্ষতা ও সাফল্যের সঙ্গে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশ: প্রযোজ্য নয়

(১১) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে) : প্রযোজ্য নয়।

১১.১ কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানি ইত্যাদি: প্রযোজ্য নয়।

১১.২ কোন বিশেষ সামগ্রী/ সার্ভিসের উৎপাদন বা সরবরাহ মূল্যের স্থিতিশীলতার ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সঙ্কট হয়েছিল কি ?
নিকট ভবিষ্যতে মারাত্মক কো সমস্যার আশঙ্কা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

১১.৩ বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট) : প্রযোজ্য নয়।

১১.৪ বিদ্যুৎ-এর গড় সিস্টেম লস (শতকরা হারে) : প্রযোজ্য নয়।

১১.৫ জ্বালানি তেলের সরবরাহ (মেট্রিক টন) : প্রযোজ্য নয়।

১১.৬ ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (লক্ষ গ্যালন) : প্রযোজ্য নয়।

(১২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য) : প্রযোজ্য নয়।

১২.১ অপরাধ সংক্রান্ত : প্রযোজ্য নয়।

১২.২ প্রতি লক্ষ জনসংখ্যায় সংঘটিত অপরাধের তুলনামূলক চিত্র : প্রযোজ্য নয়।

১২.৩ দ্রুত বিচার আইনের প্রয়োগ : প্রযোজ্য নয়।

১২.৪ ৩০ জুন ২০১৮ তারিখে কারাগারে বন্দির সংখ্যা : প্রযোজ্য নয়।

১২.৫ স্থল, নৌ ও আকাশ পথে বাংলাদেশে আগত বিদেশী নাগরিক (যাত্রী)-এর সংখ্যা: প্রযোজ্য নয়।

১২.৬ মৃত্যুদণ্ড প্রাপ্ত আসামি : প্রযোজ্য নয়।

১২.৭ সীমান্ত সংঘর্ষের সংখ্যা : প্রযোজ্য নয়।

১২.৮ সীমান্তে বাংলাদেশের সাধারণ নাগরিক হত্যার সংখ্যা : প্রযোজ্য নয়।

(১৩) ফৌজদারি মামলা সংক্রান্ত তথ্য (আইন ও বিচার বিভাগের জন্য) : প্রযোজ্য নয়।

(১৪) অর্থনৈতিক বিষয়সমূহ (শুধুমাত্র অর্থ বিভাগের জন্য) : প্রযোজ্য নয়।

১৪.১ সরাসরি বৈদেশিক বিনিয়োগ (ফরেন ডাইরেক্ট ইনভেস্টমেন্ট) সংক্রান্ত (প্রধানমন্ত্রীর কার্যালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(১৫) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত (বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

১৫.১ উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য (১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত):

| প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকার হার | প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|---|
| | | | |

১৫.২ প্রকল্পের অবস্থা (১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত): প্রযোজ্য নয়।

| শুরু করা নতুন প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো |
|--------------------------------|--|---|---|
| | | | |

- ১৫.৩ জিডিপি প্রবৃদ্ধির হার (২০১৭-২০১৮) (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য): প্রযোজ্য নয়।
- ১৫.৪ মাথা পিছু আয় (মার্কিন ডলারে) (২০১৭-১৮) (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য): প্রযোজ্য নয়।
- ১৫.৫ দরিদ্র জনগোষ্ঠী সংক্রান্ত তথ্য (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য): প্রযোজ্য নয়।
- ১৫.৬ কর্মসংস্থান সংক্রান্ত তথ্য (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য): প্রযোজ্য নয়।
- (১৬) ঋণ ও অনুদান সংক্রান্ত তথ্য (অর্থনৈতিক সম্পর্ক বিভাগের জন্য): প্রযোজ্য নয়।
- (১৭) অবকাঠামো উন্নয়ন (অবকাঠামো উন্নয়ন কর্মসূচি ও বাস্তবায়ন) অগ্রগতির বিবরণ, সংশ্লিষ্ট অর্থ-বছরে (২০১৭-১৮ বরাদ্দকৃত অর্থ, ব্যয়িত অর্থ, সংশ্লিষ্ট অর্থ বছরে (২০১৭-১৮) লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি): প্রযোজ্য নয়।
- (১৮) পররাষ্ট্র মন্ত্রণালয় সংশ্লিষ্ট তথ্য: প্রযোজ্য নয়।
- (১৯) শিক্ষা সংক্রান্ত তথ্য: প্রযোজ্য নয়।
- (২০) স্বাস্থ্য সংক্রান্ত তথ্য (স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।
- (২১) জনশক্তি রপ্তানি সংক্রান্ত (প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।
- (২২) হজ্জ সংক্রান্ত (ধর্ম মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।
- (২৩) সামাজিক নিরাপত্তা কর্মসূচি (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ পূরণ করবে): প্রযোজ্য নয়।
- (২৪) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/ লোকসান : প্রযোজ্য নয়

স্বাক্ষরিত
২৩/০৭/২০১৮
সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়



মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থ-বছরে বঙ্গবন্ধু ফেলোশিপ, এনএসটি ফেলোশিপ এবং গবেষণা অনুদান প্রদান অনুষ্ঠান-২০১৮



মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ৩০ নভেম্বর ২০১৭ রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম কংক্রিট ঢালাই অনুষ্ঠানের শুভ উদ্বোধন